



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।

ফোন : ০২৯৯৬৬০০৭২৬, ইমেইল- sgovc@yahoo.com

ওয়েবসাইট : www.sugc.edu.bd

তারিখ: ২৩/০৫/২০২৬খ্রি.

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯/০৫/২০২৬ খ্রি. বিজ্ঞপ্তি অনুসারে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম আগামী ০৩/০৬/২০২৬খ্রি. থেকে ১১/০৬/২০২৬ খ্রি. মধ্যে অনলাইনে সম্পন্ন হবে।

উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে কোনো শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাঁকে অবশ্যই ০৯/০৬/২০২৬ খ্রি. মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরমপূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। বি. দ্র.: ১। ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী তাঁর পছন্দক্রম অনুসারে বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাঁকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে YES অপশন সিলেক্ট করতে হবে। শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী কলেজের বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিশ্ববিদ্যালয় থেকে পরিবর্তন হবে।

২। ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে থেকে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তিফরম অনলাইন থেকে ডাউনলোড করে এর প্রিন্ট কপি নিজ নিজ বিভাগে জমা দিতে হবে। যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের পূর্বে ভর্তিকৃত বিষয় বাতিল হয়ে যাবে।

ভর্তি প্রক্রিয়ার ধাপসমূহ		
ধাপ	ভর্তির কার্যক্রম	তারিখ
১ম	জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ভর্তি ফরমপূরণ	০৩/০৬/২০২৬ খ্রি.
২য়	কলেজ ওয়েবসাইট (https://www.sugc.edu.bd) এ ভর্তি ফরমপূরণ	থেকে
৩য়	সোনালী বিল পেমেন্ট সিস্টেমে ভর্তি ফি জমা	১১/০৬/২০২৬ খ্রি.
৪র্থ	প্রয়োজনীয় কাগজপত্র নিজ নিজ বিভাগে জমাদান (সকাল : ১০:০০-০২:০০টা)	০৯/০৬/২০২৬ খ্রি. থেকে ১১/০৬/২০২৬ খ্রি.

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ভর্তি ফরমপূরণ পদ্ধতি: (১ম ধাপ)

২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরমপূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক Application ID ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরমপূরণ করে এর প্রিন্ট কপি নিতে হবে।

২। সোনালী বিল পেমেন্টে :

ক। <https://bilipay.sonalibank.com.bd/> লিংকে ক্লিক করে সোনালী বিল পেমেন্ট সিস্টেম পেইজে যেতে হবে।

খ। National University Fees আইকনে ক্লিক করে Admission Fee তে ক্লিক করতে হবে।

গ। Honours 1st Year সিলেক্ট করে College অংশ থেকে Sunamganj Govt. College সিলেক্ট করতে হবে।

ঘ। এরপর জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ভর্তির আবেদন ফরম থেকে Applicant ID সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

ঙ। সঠিকভাবে নিজের পূর্ণ Name ও Mobile নম্বর ইংরেজিতে এন্ট্রি দিয়ে Next এ ক্লিক করতে হবে।

চ। এবার Payment Method সিলেক্ট করে আবেদন ফি পরিশোধ করে কাজ সম্পন্ন করতে হবে।

২৩/০৫/২০২৬



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।
ফোন : ০২৯৯৬৬০০৭২৬, ইমেইল- sgovc@yahoo.com
ওয়েবসাইট : www.sugc.edu.bd

ছ। ফি প্রদান সম্পন্ন হলে একটি পেমেন্ট স্লিপ আসবে তা ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

জ। পূরণকৃত ভর্তি মূল আবেদন ফরম ২ কপি (Applicant+College) copy A4 সাইজ কাগজে প্রিন্ট নিতে হবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি ফি	
বিভাগ	টাকার পরিমাণ
বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি	৬,১৪১/-
হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৬,২০১/-
উদ্ভিদবিদ্যা	৬,৮৪১/-
গণিত	৬,৯০১/-

০৩. আবেদনকারীকে কলেজ ওয়েবসাইট <https://www.sugc.edu.bd/> এ গিয়ে Apply Now বাটনে ক্লিক করে Identification Number-এ Applicant ID, পেমেন্টের Transaction ID ও প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তি ফরম পূরণ করবে। পূরণকৃত ভর্তি আবেদন ফরম A4 সাইজ কাগজে প্রিন্ট করে কলেজে নিজ নিজ বিভাগে জমা দিবে।

০৪. প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত তারিখের মধ্যে জমাদান ও প্রয়োজনীয় কাগজপত্র:

১. ভর্তির মূল আবেদন ফরম এক কপি (College Copy)

২. ফি জমাদানের পেমেন্ট স্লিপ এর প্রিন্টেড কপি (১) এক কপি

৩. কলেজ ওয়েবসাইটে ভর্তির ফরম এক (১) এক কপি

৪. এসএসসি ও এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন কার্ড ও প্রশংসাপত্রের এক সেট ফটোকপি।

৫. দুই কপি সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি (ছবি অবশ্যই মার্জিত ও অফিসিয়াল হতে হবে) এবং ছবির পেছনে শিক্ষার্থীর পূর্ণ নাম ও ভর্তির পর কলেজ থেকে প্রাপ্ত ক্লাস রোল নম্বর লিখে দিতে হবে।

৬. একটি A4 সাইজের খামের উপর শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, শিক্ষাবর্ষ, ভর্তির বিভাগ, ভর্তির পর কলেজ হতে প্রাপ্ত ক্লাস রোল ও মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) লিখে খামের মধ্যে কাগজপত্রসহ নিজ নিজ বিভাগে জমা দিবে।

প্রতিস্বাক্ষর


(প্রফেসর মোঃ আবুল কাশেম আজাদ)

আইডি নং-৯৮৩৩

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ


২৬.০৫.২০২৫
(প্রফেসর ড. রোখসানা পারভীন চৌধুরী)

আহ্বায়ক

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ